মেহেরপুর জেলা নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের দ্বি-মাসিক সভা অনুষ্ঠিত

মউকের উদ্দোগে মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের দ্বি-মাসিক সমন¦য় সভা অনুষ্ঠিত হয়।

আজ শনিবার সকাল ১০ টার সময় মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়। জেলা পরিষদের সদস্য মোছাঃ শামিমা আক্তার হিরার সভাপতিত্বে সভাটি পরিচালনা করেন মউকের নির্বাহী প্রধান আসাদুজ্জামান সেলিম।

এসময় নারী ও শিশু নির্যাতন ও বাল্য বিবাহ প্রতিরোধে বিভিন্ন আলোচনায় অংশগ্রহণ করেন মেহেরপুর সদর উপজেলা ভাইস-চেয়ারম্যান আবুল হাশেম, জেলা পরিষদের সদস্য মোঃ আজিমুল বারি (মুকুল), সাবেক প্যানেল মেয়র মোঃ নবীরউদ্দিন, বিশিষ্ট সাংবাদিক আমিরুল ইসলাম অল্ডাম এবং নারী নেত্রী মোছাঃ জাকিয়া আক্তার আল্পনা সহ আরো অনেকে।

সভার কার্যবিবরণী পাঠ করেন মানব উন্নয়ন কেন্দ্র (মউক) এর নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ প্রকল্পের প্রোগ্রাম ম্যানেজার ফাহিমা আখতার। মেহেরপুর জেলার বর্তমান পারিবারিক সহিংসতা সহ নারী ও শিশু নির্যাতনের উপর বিভিন্ন তথ্য বহুল আলোচনা করে সকল ধরনের নির্যাতিতদের পাশে থেকে এই কমিটি কাজ করার অঙ্গিকার ব্যক্ত করেন মউকের প্রোগ্রাম ম্যানেজার মোছাঃ ফাহিমা আখতার ও মেহেরপুর জেলা জাতীয় নারী নির্যাতন প্রতিরোধ ফোরামের সম্মানিত সদস্যগণ।

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের

সাপ্তাহিক সাহিত্য আসর পদধ্বনি অনুষ্ঠিত

চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক সাহিত্য আসরের ১৫১৩ তম পর্ব অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শুক্রবার সন্ধ্যা সাড়ে ছয়টার সময় শহীদ আলাউল হলে চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সাপ্তাহিক পদধ্বনি অনুষ্ঠিত হয় ।

১৫১৩ তম এ আসরে সভাপতিত্ব করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সভাপতি কবি নজমুল হেলাল। স্বরচিত লেখা পাঠ করেন গোলাম কবীর মুকুল, আবু নাসিফ খলিল, হুমায়ুন কবীর, বনলতা,শহিদুল ইসলাম,নটরাজ হারুন অর রশিদ, বেঙ্গলী,হোসেন মোহাম্মদ ফারুক, নুরুজ্জামান,কাজল গুরু,আহাদ আলী মোল্লা, এম এ মামুন, কবি নজমুল হেলাল প্রমুখ।ইংরেজি সাহিত্যের উপর বিশদভাবে আলোচনা করেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের ইংরেজি বিভাগের বিভাগীয় প্রধান সহয়োগী অধ্যাপক খোন্দকার রোকনুজ্জামান।

চিরায়ত সাহিত্য থেকে অভিনয় করেন শহিদুল রনি।অনুষ্ঠানটি সঞ্চালনা করেন চুয়াডাঙ্গা সাহিত্য পরিষদের সহ সাধারণ সম্পাদক সুমন ইকবাল।

দর্শনায় দুইদিন ব্যাপী তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত

দর্শনায় দুইদিন ব্যাপী তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান-২০২৩ অনুষ্ঠিত হয়েছে। চুয়াডাঙ্গা জেলার ১১টি সরকারী ও বেসরকারী কলেজ থেকে শতাধিক নারী-পুরুষ রোভার এ সমাবেশে অংশ নেয়। গত ১৩ ও ১৪ নভেম্বর দর্শনা সরকারী কলেজ রোভার স্কাউট গ্রুপ এর আয়োজনে এ তাবুবাস ও দীক্ষা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

গতকাল মঙ্গলবার রাত ৮টায় ও ক্যাম্প ফায়ার অনুষ্ঠানে দর্শনা সরকারী কলেজের রোভার স্কাউটদের আয়োজনে নানা অনুষ্ঠান পরিবেশনের মাধ্যমে দুইদিন ব্যাপী অনুষ্ঠানের সমাপ্তি হয়। সন্ধায় ক্যাম্প ফায়ারের কাঠের কুনডুলিতে অগ্নি সংযোগ করেন, প্রধান অতিথি অধ্যক্ষ আব্দুস ছাত্তার। ক্যাম্প ফায়ারের পূর্বে সকাল থেকে সারাদিন হাইকিং ও দর্শনা কেরু চিনিকল ও ডিষ্টিলারী পরিদর্শন, সন্ধায় তাবু জলসা।

তাবু জলসা অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, বড় সলুয়া নিউ মডেল ডিগ্রী কলেজের অধ্যক্ষ আব্দুস ছাত্তার তিনি তার বক্তব্য রাখতে গিয়ে বলেন, রোভার স্কাউট একটি স্বেচ্ছাসেবী দল। দেশের যে কোন দুযোর্গে সেবা দিয়ে থাকেন। নীতি নৈতিকতা ও সমাজে সৃজনশীল কার্যক্রমের মাধ্যমে একটি সুস্থ সমাজ ব্যবস্থা গড়ে তুলতে সহায়তা আসছে রোভার স্কাউট।

অনুষ্ঠানের শুরুতেই শুভেচ্ছা বক্তব্য রাখেন স্কাউট ব্যক্তিত্ব মাহফুজুর রহমান। এছাড়া আরো উপস্থিত ছিলেন, বড় সলুয়া মডেল ডিগ্রী কলেজের সিনিয়ার প্রভাষক আব্দুল করিম, দর্শনা ডিএস মাদ্রাসার রোভার ইউনিট লিডার প্রতিনিধি মনজুর আহম্মেদ ও জয়নগর সরকারী প্রাথমিক বিদ্যালয়ের সহকারী লিডার টেইনার খুলনা অঞ্চলের সুর্পনা দাস ও দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি আওয়াল হোসেন। প্রথম দিনের অনুষ্ঠানের উদ্বোধন করেন, দর্শনা সরকারী কলেজের অধ্যক্ষ রেজাউল করিম ও ক্যাম্প চীফ ড. মফিজুর রহমান।

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন আওয়ামীলীগের কর্মী সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গার বাড়াদি ইউনিয়ন আওয়ামী লীগের উদ্যোগে কর্মী সভা অনুষ্ঠিত হয়েছে। আজ মঙ্গলবার সকাল ১০ টায় উপজেলার মীর খুস্তার আলী মাধ্যমিক বিদ্যালয় মাঠে এ কর্মী সভা অনুষ্ঠিত হয়। কর্মী সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামী লীগের

সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য বীরমুক্তিযোদ্ধা সোলায়মান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

প্রধান অতিথির বক্তব্যে সেলুন জোয়াদ্দার বলেন, এই এলাকায় আপনারা বসবাস করেন। যখন আওয়ামীলীগ ক্ষমতায় ছিলো না, তখন ভয়ে অনেকেই আলমডাঙ্গায় বসবাস করত। এই সরকারের আমলে সকল সন্ত্রাস নির্মূল করা হয়েছে। আপনারা সমালোচনা করছে, কিন্তু প্রধানমন্ত্রীর উন্নয়ের কথা বলছেন না। কেনো, দেশে কর্ণফুলী টালেন, পদ্মাসেতু, এলিভেটেড এক্সপ্রেস সহ মেট্রোরেল এখন দৃশ্যমান।

তিনি আরো বলেন, রাস্তা, কমিউনিটি ক্লিনিক স্কুল-কলেজ গুলো ব্যাপক উন্নয়নের মাধ্যমে দেশের আমূল পরিবর্তন হয়েছে। উন্নয়নের ধারা অব্যাহত রাখতে নৌকায় ভোট দিতে হবে। এই কর্মী সভায় যারা আসেনি, তাদের জিজ্ঞাসা করবেন, তারা কেনো নৌকায় ভোট দিবেন না। সরকার এখন দেশে ৫১ রকম ভাতা দিচ্ছে। এই এলাকার অনেক রাস্তা নষ্ট হয়ে গেছে। সেগুলো দ্রুতই নতুন করে সংস্কার করা হবে। প্রতিটি স্কুলে নতুন ভবনও নির্মাণ করা হবে।

প্রধান অতিথি বলেন, শেখ হাসিনাকে আবারো ক্ষমতায় আনতে নৌকায় ভোট দিতে হবে। শেখ মুজিবুর রহমানের নৌকা, শেখ হাসিনার নৌকা মানেই উন্নয়ন। এক সময় অনেকে মন্তব্য করেছিল। শেখ হাসিনা রাষ্ট্র ক্ষমতায় আসলে মাথায় সিঁদুর দিতে হবে। শেখ হাসিনা প্রত্যেক উপজেলায় একটি করে মডেল মসজিদ নির্মাণ করেছেন।

নারীদের উদ্দেশ্যে তিনি বলেন, দেশে অর্ধেক ভোটার নারীরা। এদেশের নেত্রীও একজন নারী। শেখ হাসিনার নৌকা প্রতিকে ভোট দিয়ে আবারো উন্নয়নের সুযোগ করে দিবেন।

বাড়াদী ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মকবুল হোসেনের সভাপতিত্বে কর্মীসভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা আওয়ামীলীগের সাবেক যুগ্নসাধারণ সম্পাদক রিয়াজুল ইসলাম টোটন জোয়াদ্দার, সাবেক সাংগঠনিক সম্পাদক মুন্সী আলমঙ্গীর হান্নান, মাসুদুজ্জামান লিটু বিশ্বাস, সাবেক বন ও পরিবেশ বিষয়ক সম্পাদক শহিদুল ইসলাম খান, জেলা আওয়ামীলীগ নেতা শওকত আলী, আলমডাঙ্গা উপজেলা আওয়ামী লীগের সভাপতি আবু মুছা, সাধারণ সম্পাদক ইয়াকুব আলী, চুয়াডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি আলাউদ্দিন হেলা, সাধারণ সম্পাদক আব্দুল কাদের, আলমডাঙ্গা পৌর আওয়ামীলীগের সভাপতি দেলোয়ার হোসেন।

সাবেক জেলা ছাত্রলীগের সভাপতি আব্দুর রশিদ, রেজাউল হক, আলমডাঙ্গা

উপজেলা আওয়ামীলীগের সাবেক সহ-সভাপতি বিশিষ্ট ব্যবসায়ী আলহাজ্ব লিয়াকত আলী লিপু মোল্লা, সাবেক প্রচার সম্পাদক মাসুদ রানা তুহিন, পৌর আওয়ামীলীগের সাবেক সাধারণ সম্পাদক সিরাজুল ইসলাম, চিৎলা ইউনিয়ন আওয়ামীলীগ নেতা বীরমুক্তিযোদ্ধা নুরুজ্জামান লাল্টু, জেলা পরিষদ সদস্য মজনুর রহমান, সাইফুর রহমান পিন্টু, জয়নাল আবেদীন, আবু তাহের আবু, বিল্লাল হোসেন।

ইউনিয়ন আওয়ামীলীগের সাধারণ সম্পাদক শহিদুল ইসলাম লাল্টুর উপস্থাপনায় আরও উপস্থিত ছিলেন, ওয়ার্ড আওয়ামীলীগ নেতা শামীম বিশ্বাস, আব্দুর রাজ্জাক, সিনজাতুল মুস্তাহাব, জহুরুল ইসলাম, বীর মুক্তিযোদ্ধা আলতাফ হোসেন, বীর মুক্তিযোদ্ধা নুরুজ্জামান লালটু, বীর মুক্তিযোদ্ধা শেখ আমিনুদ্দিন, শরিফুল ইসলাম মেম্বার, কলিমুদ্দিন বিশ্বাস, বীর মুক্তিযোদ্ধা মনসুর আলী, আওয়ামীলীগ নেতা আসাবুল হক হক সম্রাট, ইলিয়াস হোসেন, ইলিয়াস হোসেন, ফজিরুল ইসলাম, আসাদুল হক আশা, শরিফুল ইসলাম শরীফ, তহিদুল হক চন্দন, জয়নাল আবেদীন, আব্দুল হান্নান, হাফেজ মোঃ ইসমাইল হোসেন, সাইদুর রহমান প্রমূখ।

চুয়াডাঙ্গায় আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ প্রশিক্ষনার্থীদের পাঠদান

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের পাঠদান করানো হয়েছে।

বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী চুয়াডাঙ্গা কর্তৃক আয়োজিত জেলা আনসার ভিডিপি কার্যালয়ে সকাল সাড়ে এগারোটার সময় ৫ম ধাপ অস্ত্রসহ ভিডিপি মৌলিক প্রশিক্ষণে (পুরুষ) অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীদের ব্যক্তিগত নিরাপত্তা, কমিউনিটি নিরাপত্তা, ইভটিজিং বা যৌন হয়রানি, খুন, ধর্ষণ, সন্ত্রাস ও জঙ্গিবাদ দমন, সাইবার ক্রাইম ও আইনশৃঙ্খলা রক্ষা এবং নিরাপত্তা বিধানে আনসার ও

ভিডিপির ভূমিকা ও করণীয় সম্পর্কে পাঠদানে বিশদ আলোচনা করেন চুয়াডাঙ্গা অতিরিক্ত পুলিশ সুপার(প্রশাসন ও অর্থ) মোঃ রিয়াজুল ইসলাম।

উক্ত আয়োজনে আরোও উপস্থিত ছিলেন বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর চুয়াডাঙ্গা জেলা কমান্ডার সঞ্জয় চৌধুরী সহ প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীরা।

কোটচাঁদপুর ঔষধ প্রশাসনের অবহিত করন সভা অনুষ্ঠিত

ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত প্রশাসন ও এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয়ক অবহিত করন সভা অনুষ্ঠিত হয়েছে।আজ সোমবার দুপুরে কোটচাঁদপুর মুক্তি যোদ্ধা কমপ্লেক্সে এ সভা করা হয়।
কোটচাঁদপুর ড্রাগিষ্ট এন্ড কেমিস্ট সমিতির সভাপতি কামরুল হাসান খান খোকনের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঝিনাইদহ ঔষধ প্রশাসন কর্মকর্তা সিরাজুম মনিরা।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন,জেলা বিসিডিএসের সভাপতি রফিকুল করিম সোম,কোটচাঁদপুর থানার পুলিশ পরিদর্শক(ওসি) সৈয়দ আল-মামুন, সাবেক মুক্তি যোদ্ধা কমান্ডার তাজুল ইসলাম সিনিয়র সহসভাপতি মোস্তাকিবুর রহমান ঝন্টু, সহসভাপতি হান্নান মিয়া,সোহরাব হোসেন,সিনিয়র সহসভাপতি কাজী হাসানুজ্জামান হাসান, সহসভাপতি হাসানুজ্জান ডাবলু,হুমায়ুন কবির।

এসময় ঔষধ ও কসমেটিকস আইন ২০২৩ অনুসারে রেজিস্ট্রার্ড চিকিৎসকের পরামর্শ ব্যতিত এন্টিবায়োটিক বিক্রি শাস্তির বিধান এবং এন্টিবায়োটিকের মোড়কে লাল রঙের সনাক্ত করন বিষয় নিয়ে উপস্থিত, কেমিস্ট এন্ড ড্রাগিষ্ট সমিতির সভাপতি সম্পাদক সহ সদস্যদেরকে সচেতন মূলক বক্তব্য রাখেন।

চুয়াডাঙ্গা জেলা রোভারের প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত

বাংলাদেশ স্কাউটস চুয়াডাঙ্গা জেলা রোভার আয়োজনে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। আজ রবিবার সকাল সাড়ে দশটার সময় চুয়াডাঙ্গা সরকারি কলেজে এই প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

চুয়াডাঙ্গা জেলা রোভারের যুগ্ম সাধারণ সম্পাদক ও নিগার সিদ্দিক ডিগ্রী কলেজের অধ্যক্ষ আবু নাসিরের সভাপতিত্বে প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজের অধ্যক্ষ ও চুয়াডাঙ্গা জেলা রোভারের সিনিয়র সহ-সভাপতি প্রফেসর ড. এ কে এম সাইফুর রশিদ।

অনুষ্ঠানের স্বাগত বক্তব্য প্রদান করেন চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক জাহিদুল হাসান।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা সরকারি কলেজ শিক্ষক পরিষদের সম্পাদক সফিকুল ইসলাম,চুয়াডাঙ্গা সরকারি কলেজ বাংলা বিভাগের বিভাগীয় প্রধান ড. আব্দুল আজিজ, চুয়াডাঙ্গা জেলা রোভারের সম্পাদক ও চুয়াডাঙ্গা সরকারি কলেজের বাংলা বিভাগের সহযোগী অধ্যাপক মোঃ জাহিদুল হাসান।

এ সময়ে আরোও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা জেলা রোভারের রোভার নেতা প্রতিনিধি ও বড়শলুয়া নিউ মডেল ডিগ্রী কলেজ রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার আব্দুল মুকিত জোয়ার্দ্দার, চুয়াডাঙ্গা জেলার রোভারের কোষাধ্যক্ষ ও আলমডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার মাকসুদুর রহমান, চুয়াডাঙ্গা জেলা রোভারের সহকারী কমিশনার ও প্রাইম পলিটেকনিক ইনস্টিটিউট রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার এমদাদ হোসেন, চুয়াডাঙ্গা সরকারি কলেজ রোভার স্কাউট গ্রুপের ইউনিট লিডার আজিম হোসেন, দর্শনা

ডিএস ফাজিল মাদ্রাসা রোভার স্কাউটস গ্রুপের ইউনিট লিডার মুনজুরুল হক সহ বিভিন্ন প্রতিষ্ঠান থেকে আগত রোভার স্কাউটস ইউনিট লিডার ও রোভার স্কাউটের সদস্যবৃন্দ।

প্রতিভা অন্বেষণ প্রতিযোগিতায় মোট ১১টি ইভেন্টে রোভার সদস্যরা অংশগ্রহণ করে।উক্ত প্রতিযোগিতায় বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা জেলা রোভারের রোভার নেতা প্রতিনিধি আব্দুল মুর্কিত জোয়ার্দার, জেলা রোভারের সহকারী কমিশনার এমদাদ হোসেন, দর্শনা ডিএস ফাজিল মাদ্রাসার ইউনিট লিডার মুনজুরুল হক। জেলা পর্যায়ে প্রতিযোগিতায় উত্তীর্ণ রোভাররা বিভাগীয় পর্যায়ে প্রতিনিধিত্ব করবে

গাংনীতে উপানুষ্ঠানিক শিখন কেন্দ্রর মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত

আউট অব স্কুল চিলড্রেন এডুকেশন কর্মসুচীর উপানুষ্ঠানিক প্রাথমিক বিদ্যালয়ের গাংনী উপজেলার শিক্ষক ও সুপারভাইজারদের নিয়ে মাসিক সমন্বয় সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ রবিবার সকাল ১০ টার সময় গাংনী মাধ্যমিক পাইলট বিদ্যালয় হলরুমে এ সভা অনুষ্ঠিত হয়।

উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহযোগিতায় মানব উন্নয়ন কেন্দ্র মউক এ কর্মসুচী বাস্তবায়ন করে। মউক এর নির্বাহী প্রধান আশাদুজ্জামান সেলিমের সভাপতিত্বে প্রধান অতিথি ছিলেন মেহেরপুর জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর সহকারী পরিচালক শেখ মোঃ



সুরুজ্জামান।

এসময় বক্তব্য রাখেন, সিনিয়র প্রোগ্রাম ম্যানেজার মুরাদ হোসেন, কর্মসুচীর ডেপুটি প্রোগ্রাম ম্যানেজার সাদ আহম্মেদ ও উপজেলা প্রোগ্রাম ম্যানেজার মোঃ আব্দুল করিম।

এ ছাড়াও বর্তমান শিখন কেন্দ্র গুলোর শিখন শেখানো অবস্থা, কেন্দ্রের পড়া লেখার মান যাচাই সহ কেন্দ্রের পরিবেশ ও ছাত্র ছাত্রীর উপস্থিতি বিষয়ে আলোচনা করা হয়। গাংনী উপজেলার ৮০ জন শিখন কেন্দ্রের শিক্ষক শিক্ষিকা ও সুপারভাইজারগণ সভায় অংশগ্রহণ করেন।

জীবননগরে সুবিধাভোগিদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত

ইউনিয়ন পর্যায়ে বর্তমান সরকারের সামাজিক সুরক্ষার আওতায় সুবিধাভোগি মানুষদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।

গতকাল শনিবার বিকাল ৩ টার সময় রায়পুর ইউনিয়ন পরিষদের আয়োজনে রায়পুর হাইস্কুল মাঠে এ মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। রায়পুর ইউনিয়নের বিভিন্ন স্তরের সাধারণ মানুষ সরকারী বিভিন্ন সুযোগ সুবিধাভোগিদের সাথে এ সভা অনুষ্ঠিত হয়। মাতৃত্বকালিন, প্রতিবন্ধি, বয়স্ক, বিধবা ভাতাসহ সকল ভাতার আওতায় থাকা অসহায় মানুষদের সাথে এ মতবিনিময় করেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর। ভাতাভোগি প্রায় ২ হাজার ৫শ জন নারী পুরুষ উপস্থিত ছিলেন।

জীবননগর উপজেলা নিবাহী অফিসার হাসিনা মমতাজের সভাপতিত্বে মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা ২ আসনের সংসদ সদস্য আলী আজগর টগর।

এ সময় প্রধান অতিথি বলেন,আওয়ামীলীগ সরকার উন্নয়নের সরকার আওয়ামীলীগ সরকারের মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা ক্ষমতায় আসলেই দেশে উন্নয়নমূলক কাজ হয়ে থাকে।আওয়ামীলীগ সরকার সব সময় দেশ ও দেশের মানুষের উন্নয়ন নিয়ে কাজ করে থাকে ।সমাজে পিছিয়ে পড়া মানুষের কথা বিগত সরকারের আমলে কোন দিন ভাবেনি কিন্তু মাননীয় প্রধান মন্ত্রী শেখ হাসিনা সরকার ক্ষমতায় আসার পর থেকে সমাজে যে সমস্থ পিছিয়ে পড়া মানুষ আছে তাদের জীবনমান উন্নয়নের জন্য কাজ করে যাচ্ছে এবং আগামিতেও করে যাবে।

জীবননগর উপজেলা পরিষদের চেয়ারম্যান হাজী মোঃ হাফিজুর রহমান,জীবননগর উপজেলা আওয়ামীলীগের সাবেক সভাপতি গোলাম মোতুজা,জীবননগর পৌর সভার মেয়র মোঃ রফিকুল ইসলাম, দশনা পৌর সভার মেয়র আতিয়ার রহমান হাবু,জীবননগর পৌর আওয়ামীলীগের সাধারন সম্পাদক মোঃ জাহাঙ্গীর আলম,,রায়পুর ইউপি চেয়ারম্যান তাহাজ্জদ হোসেন মিজা প্রমুখ

আলমডাঙ্গায় দ্বাদশ সংসদ নির্বাচন উপলক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত

আলমডাঙ্গায় আসন্ন দ্বাদশ সংসদ নির্বাচনকে ঘিরে মাঠ পর্যায়ে কর্মীসভা করার লক্ষ্যে আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার সকাল সাড়ে ১০ টায় উপজেলা আওয়ামীলীগের দলীয় কার্যালয়ে এ আলোচনা সভা অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চুয়াডাঙ্গা জেলা আওয়ামীলীগের সভাপতি ও ১ আসনের সংসদ সদস্য সোলাইমান হক জোয়াদ্দার ছেলুন এমপি।

ভাংবাড়িয়া ইউনিয়ন আওয়ামীলীগের যুগ্নসাধারণ সম্পাদক জিনারুল ইসলাম, নাগদাহ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান এজাজ ইমতিয়াজ বিপুল জোয়াদ্দার, উপজেলা ছাত্রলীগের সভাপতি সালমুন আহম্মেদ ডন, কলেজ ছাত্রলীগের সভাপতি আশরাফুল ইসলাম, যুবলীগ নেতা সৈকত খান, ছাত্রলীগ নেতা আশরাফুল হক, বাদশা,অটল প্রমূখ।